

PRINT

# সমকালৈ

## শাবির সমাবর্তনের রেজিস্ট্রেশন শুরু আজ

১২ ঘণ্টা আগে

### শাবি প্রতিনিধি

দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) শিক্ষার্থীদের গাউন গায়ে চাপিয়ে কালো টুপিটি আকাশে ছুড়ে দেওয়ার স্বপ্ন পূরণ হতে চলেছে। রাষ্ট্রপতির যোগদানের তারিখ নির্ধারণ সাপেক্ষে আগামী বছরের জানুয়ারিতে অনুষ্ঠিত হতে যাচ্ছে শাবির তৃতীয় সমাবর্তন। আজ মঙ্গলবার থেকে শুরু হচ্ছে এর রেজিস্ট্রেশন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন এ তথ্য নিশ্চিত করেছেন। রেজিস্ট্রার

দপ্তর সূত্রে জানা যায়, সমাবর্তনে ২০০১-০২ শিক্ষাবর্ষ থেকে শুরু করে ২০১০-১১ শিক্ষাবর্ষের স্নাতক/সমমান/বি.এন.সি (নার্সিং)/গ্র্যাজুয়েট, ২০০২-০৩ শিক্ষাবর্ষ থেকে ২০১০-১১ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর এবং ২০০২-০৩ শিক্ষাবর্ষের এমবিবিএস/ বিডিএস/ এমফিল/ পিএইচডি ডিগ্রিধারী শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন। এসব শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের স্কুল অব স্টাডিজ অথবা অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের হতে হবে।

আগ্রহী শিক্ষার্থীরা অ্যামের্স/ মাস্টার/ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড, বিকাশ/ রকেট/ ইউক্যাশ/ রকেট/নেক্সাস পাজ অ্যাপ অথবা সোনালী ব্যাংকের অ্যাকাউন্টের মাধ্যমে ওয়েবসাইট : [পড়াহাড়পধঃরড়হ.০৯০৯০.৮৫](http://www.pdbrd.gov.bd)-তে ফি পরিশোধ করে রেজিস্ট্রেশন করতে পারবেন। স্নাতক/সমমান শিক্ষার্থীদের জন্য পাঁচ হাজার টাকা, স্নাতকোত্তর শিক্ষার্থীদের জন্য সাড়ে পাঁচ হাজার টাকা এবং এমবিবিএস/ বিডিএস/ এমফিল/ পিএইচডি ডিগ্রিধারী শিক্ষার্থীদের জন্য ছয় হাজার টাকা ফি নির্ধারণ করা হয়েছে। রেজিস্ট্রেশন চলবে ৩০ অক্টোবর রাত ১২টা পর্যন্ত।

১৯৮৬ সালে প্রতিষ্ঠিত শাবিতে একাডেমিক কার্যক্রম শুরু হয় ১৯৯১ সালে। একাডেমিক কার্যক্রম শুরু হওয়ার পর থেকে এখন পর্যন্ত ক্যাম্পাসে এসেছে ২৯টি ব্যাচ। এর মধ্যে স্নাতক সম্পন্ন করে বেরিয়ে গেছে ২৪টি ব্যাচ। অথচ এই দীর্ঘ সময়ে সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে মাত্র দু'বার। প্রথম সমাবর্তন বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক এম হাবিবুর রহমানের মেয়াদে ১৯৯৮ সালের ২৯ এপ্রিল এবং দ্বিতীয় সমাবর্তন তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আমিনুল ইসলামের মেয়াদে ২০০৭ সালের ৬ ডিসেম্বর অনুষ্ঠিত হয়েছিল।

---

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:  
ad.samakalonline@outlook.com